

“প্রতিবেদন”

বিষয় : ডেঙ্গুজ্বর মোকাবিলায় রাজশাহী সিটি কর্পোরেশন এর বিভিন্ন ওয়ার্ডে কীটতাত্ত্বিক জরিপ কাজে এডিস মশার বিস্তৃতি, ঘনত্ব ও প্রজনন স্থান নির্ণয় প্রসংগে।

সূচনা :

পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী কার্যালয়ের স্মারক নং-১২০০, তারিখ : ০১/০৮/২০১৯ ইং মোতাবেক রাজশাহী সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার মধ্যে গুরুত্বপূর্ণ এলাকায় এডিস মশার বিস্তৃতি, ঘনত্ব ও প্রজনন স্থান নির্ণয়ের লক্ষ্যে জনাব ডাঃ গোপেন্দ নাথ আচার্য্য, পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী এর বিশেষ নির্দেশনায় নিম্ন স্বাক্ষরকারীর সমন্বয়ে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কীটতাত্ত্বিক জরিপ দল গঠন করেন।

বিশেষ ভাবে উল্লেখ্য ডাঃ গোপেন্দ নাথ আচার্য্য, পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী এর সময়পোযোগী পরিকল্পনা গ্রহন, সঠিক দিক নির্দেশনা এবং সার্বিক তত্ত্বাবধান ও সহযোগীতায় এই জরীপ কার্য সম্পন্ন করা হয়।

কর্মপরিধি :

গঠিত কমিটির টিম লিডার জনাব মোঃ তায়েজুল ইসলাম, জেলা কীট তত্ত্ববিদ, সিভিল সার্জন অফিস, রাজশাহী, জনাব মোঃ আব্দুল বারী, কীট তত্ত্বীয় টেকনিশিয়ান, পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী এবং জনাব মোসাঃ উম্মে হাবিবা, কীট তত্ত্বীয় টেকনিশিয়ান, সিভিল সার্জন অফিস, রাজশাহী গত ০১/০৮/২০১৯ সকাল ১০ ঘটিকায় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়ে মিলিত হয়ে সিটি কর্পোরেশনে সম্ভাব্য ৫ (পাঁচ) টি স্থান নির্ধারণ করা হয়।

০২/০৮/২০১৯ ইং তারিখ পূর্ব নির্ধারিত স্থান পরিদর্শনের লক্ষ্যে সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৬.০০ ঘটিকা পর্যন্ত ২১ ওয়ার্ডের ২০ টি স্থানে শিরোইল বাস টার্মিনাল সংলগ্ন এলাকায় এ্যান্টোমোলজিক্যাল সার্ভে করে ১৪ (চৌদ্দ) টি বাড়ী/দোকানের পানিওয়ালা কনটেইনার পর্যবেক্ষন করা হয়। পর্যবেক্ষনে ৪ (চার) টি স্থানে এডিস মশার লার্ভার উপস্থিতি পরিলক্ষিত হয়। প্রাপ্ত গুলি হইল (১) শিরোইল বাস টার্মিনালের মোঃ আব্দুস সেলিমের দোকানে টায়ারে জমে থাকা পানির মধ্যে, (২) মোঃ নাসিরের দোকানে ব্যাটারির সেলে জমে থাকা পানিতে, (৩) সিটি কর্পোরেশন ফুটপাথ রোড ভাঙ্গা পাইপের পানিতে এবং (৪) মোঃ শকুর আলীর নার্সারীতে মাটির পাত্রের পানিতে।

০৩/০৮/২০১৯ ইং তারিখ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৬.০০ টা পর্যন্ত ০৪ নং ওয়ার্ডের কেশবপুর এলাকায় ২০ টি স্থানে (বাড়ী/দোকান) এ্যান্টোমোলজিক্যাল সার্ভে করে ৫ টি বাড়ী/দোকানের ০৯টি স্বচ্ছ পানিওয়ালা কন্টেনার পর্যবেক্ষন করা হয়। পর্যবেক্ষনে ০২ স্থানে এডিস মশার লার্ভার উপস্থিতি পরিলক্ষিত হয়। লার্ভার উপস্থিতির স্থান (১) মোঃ মাসুদ রানার বাড়ীর প্রাঙ্গিক পটে জমে থাকা পানির মধ্যে এবং (২) মোঃ মিলনের বাড়ীতে থাকা পুরাতন ট্রায়ার এবং মাটির পাত্রে জমে থাকা পানিতে।

০৪/০৮/২০১৯ ইং তারিখ সকাল ৯.৩০ টা থেকে বিকাল ৫.৩০ টা পর্যন্ত ০৮ নং ওয়ার্ডের সিপাই পাড়া এলাকায় ২০ টি স্থানের (বাড়ী/দোকান) এ্যান্টোমোলজিক্যাল সার্ভে করে ০৬ টি বাড়ী/দোকানের ০৮টি স্বচ্ছ পানিওয়ালা কন্টেনার পর্যবেক্ষন করা হয়। পর্যবেক্ষনে ০২ স্থানে এডিস মশার লার্ভার উপস্থিতি পরিলক্ষিত হয়। লার্ভার উপস্থিতির স্থান (১) মলি বেগমের বাড়ীর মাটির পাত্র এবং ফুলের টবে জমে থাকা পানির মধ্যে (২) মারুফ হোসেনের বাড়ীতে থাকা পুরাতন নারিকেলের খোলে জমে থাকা পানিতে।

০৫/০৮/২০১৯ ইং তারিখ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৬.৩০ টা পর্যন্ত ১৪ নং ওয়ার্ডের উপ শহর এলাকায় ২০ টি স্থানের (বাড়ী/দোকান) এ্যান্টোমোলজিক্যাল সার্ভে করে ০৭ টি বাড়ী/দোকানের ১৫টি স্বচ্ছ পানিওয়ালা কন্টেনার পর্যবেক্ষন করা হয়। পর্যবেক্ষনে ০৩ স্থানে এডিস মশার লার্ভার উপস্থিতি পরিলক্ষিত হয়। লার্ভার উপস্থিতির স্থান (১) ২১৪ নম্বর (রংধনু টাওয়ার) বাড়ীর প্রাঙ্গিকের ড্রামে জমে থাকা পানির মধ্যে (২) ১৬৪/৩ নম্বর মোঃ সেকেন্দার আলীর আঙ্গিনায় থাকা ফুলের টবে এবং পরিত্যক্ত বাথ সোলার কন্টিনারে জমে থাকা পানিতে।

০৬/০৮/২০১৯ ইং তারিখ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৬.৩০ টা পর্যন্ত ১০ নং ওয়ার্ডের মেডিকেল কলেজ ও হাসপাতাল এলাকায় ২০ টি স্থানে এ্যান্টিমোলজিক্যাল সার্ভে করে ০৪ স্থানে ১০টি স্বচ্ছ পানিওয়ালা কন্টেনার পর্যবেক্ষন করা হয়। পর্যবেক্ষনে ০৩ স্থানে এডিস মশার লার্ভার উপস্থিতি পরিলক্ষিত হয়। লার্ভার উপস্থিতির স্থান (১) রাজশাহী মেডিকেল কলেজের ফাল্লুদী ছাত্রী নিবাসের পরিত্যক্ত আইস ক্রিমের পাত্রে জমে থাকা পানির মধ্যে (২) অধ্যক্ষ মহোদয়ের অব্যবহিত বাস ভবনের ডাবের খোলায় জমে থাকা পানিতে এবং (৩) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের ২২ নম্বর ওয়ার্ডের সামনের চুল্লির পার্শ্ব পরিত্যক্ত ০৫টি বেসিনে জমে থাকা পানিতে এডিস মশার লার্ভার উপস্থিতি পরিলক্ষিত হয়।

সুপারিশ সমূহ :

রাজশাহী সিটি কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন ওয়ার্ডে কীটতাত্ত্বিক জরিপ কাজে এডিস মশার বিস্তৃতি, ঘনত্ব ও প্রজনন স্থান নির্ণয় পূর্বক ও এডিস মশার লার্ভা উপস্থিতি পরিলক্ষিত হওয়ার প্রেক্ষিতে এডিস মশার বিস্তার প্রতিরোধের লক্ষ্যে নিম্নলিখিত সুপারিশ সমূহ

প্রাথমিক ভাবে প্রতিকারের জন্য :

ক) কোনো অবস্থাতেই বাড়ীর আশেপাশে বা খোলা জায়গায় স্বচ্ছ বৃষ্টির পানি (ফুলের টব, গাড়ীর টায়ার, নারিকেলের

খোসা এবং , পরিত্যক্ত দইয়ের পাত্র , আইস ক্রিমের কাপ ইত্যাদিতে” জমে না থাকে সে বিষয়ে জনসচেতনতা সৃষ্টি/বৃদ্ধি করা।

খ) খোলা জায়গায় জমাকৃত স্থানের পানিতে ব্লিচিং পাউডার, কোরোসিন বা গরম পানি ছিটানোর মাধ্যমে লার্ভা ধ্বংস করা।

গ) ফগার মেশিন , লার্ভি সাইড এবং ইনসেকটি সাইড ব্যবহারের মাধ্যমে এডিস মশার লার্ভা ধ্বংস করার ব্যবস্থা করা।

ঘ) ডেপু জুর আক্রান্ত ব্যক্তির শরীর হতে এডিস মশা যেন জীবানু সংগ্রহ করতে না পারে সেই জন্য আক্রান্ত ব্যক্তিকে সার্বক্ষণিক মশারীর মধ্যে থাকার ব্যবস্থা করা।

প্রতিবেদনের বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে ডাঃ গোপেন্দ্র নাথ আচার্য্য, পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহীর নিকট উপস্থাপন করা হলো।

(মোসাঃ উম্মে হাবিবা)
কীট তত্ত্বীয় টেকনিশিয়ান
সিভিল সার্জন অফিস , রাজশাহী।

(মোঃ আব্দুল বারী)
কীট তত্ত্বীয় টেকনিশিয়ান
পরিচালক (স্বাস্থ্য) এর
কার্যালয় , রাজশাহী।

(মোঃ তায়েজুল ইসলাম)
জেলা কীট তত্ত্ববিদ
সিভিল সার্জন অফিস , রাজশাহী।